কোটচাঁদপুর গৃহকর্তার বিরুদ্ধে গৃহকর্মীকে আটকে রেখে মারপিটের অভিযোগ

ঝিনাইদহের কোটচাাঁদপুরে জয়নাল মন্ডল নামের এক গৃহকর্তার বিরুদ্ধে গৃহকর্মী সোমা খাতুন (২২)কে ঘরে আটকে রেখে মারপিট করার অভিযোগ উঠেছে।

খবর পেয়ে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন। গতকাল বৃহস্পতিবার দুপুরে স্থানীয় মডেল থানা সংলগ্ন আম বাজার এলাকায় এ ঘটনা ঘটে। সোমা কোটচাঁদপুর থানা এলাকার খোকনের মেয়ে।

ভুক্তভোগী গৃহকর্মী সোমার পিতা খোকন জানায়, গেল দুই মাস হল তাঁর মেয়ে জয়নাল মন্ডলের বাড়িতে গৃহপরিচারিকার কাজ নেন। সে দুই মাস কাজ করলেও পারিশ্রমিক দেননি গৃহকর্তা জয়নাল। ওই টাকা চাওয়ায় বৃহস্পতিবার সোমার বিরুদ্ধে ১০ ভরি রৌপ্য, ১ ভরি সোনার চেইন ও নগদ ৪৫ হাজার টাকা চুরির অপবাদ দিয়ে ঘরে আটকে রাখেন গৃহকর্তা। এরপর তার উপর পাশবিক নির্যাতনও করেন জয়নাল।

তিনি আরো বলেন, এ সময় জয়নাল তার স্ত্রী-সন্তান সবাই সোমার উপর শারীরিক নির্যাতন করেন। এছাড়া থানা থেকে সাদা পোশাকধারী দুই পুলিশ সদস্যকে ডেকে নিয়ে তার হাতে হ্যান্ডকাফ পরিয়ে দেয়া হয়। এরপর তারাও নির্যাতন করেন।

এদিকে সময় মত মেয়ে বাড়িতে না ফেরায় চিন্তায় পড়ি। পরে সোমার মোবাইল নাম্বারে কল করলে মোবাইল রিসিভ করেন বাড়ির মালিক জয়নাল। তিনি আমাকে তার বাড়িতে যেতে বলেন। এরপর ঘটনাস্থলে গিয়ে মেয়েকে ঘরের মেঝেতে পড়ে থাকতে দেখি। পরে তারা আমাকে চুরির কথা বলেন। পরে মেয়েকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি করানো হয়। তিনি এ ঘটনার সুষ্ট তদন্ত দাবি করেন। সাথে সাথে দোষিদের বিচার ও দাবি করেন। এ ব্যাপারে তাঁর পিতা থানায় লিখিত অভিযোগ করেছেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর মডেল থানার ডিউটিরত উপপরিদর্শক নাজিবুল জানান, নির্যাতনের অভিযোগে ভুক্তভোগী গৃহকর্মী বাদি হয়ে জয়নাল ও তার ছেলে জাহিদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। বিষয়টি তদন্ত

পূর্বক আইনগত ব্যবস্থা করা হবে।

শৈলকুপায় বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব জনসংখ্যা দিবস পালিত

৮০০ কোটির পৃথিবী: সকলের সুযোগ, পছন্দ ও অধিকার নিশ্চিত করে প্রাণবন্ত ভবিষ্যৎ গড়ি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব জনসংখ্যা দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে বৃহস্পতিবার একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুল মজিদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম। এছাড়াও জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিক ও সুধীজন উপস্থিত ছিলেন।

শৈলকুপায় আরও ৯টি পরিবারসহ প্রধানমন্ত্রীর উপহারের ঘর পেল মোট ১০২ জন

ঝিনাইদহের শৈলকুপায় আরও ৯টি গৃহহীন ও ভূমিহীন পরিবারের বাড়ীর মালিকের স্বপ্ন বাস্তবে রূপ নিয়েছে। সরকারের ভূমিহীন ও গৃহহীন মানুষের জন্য আবাসন ব্যবস্থা নিশ্চিত করার অংশ হিসেবে আশ্রায়ন-২ প্রকল্পের তৃতীয় পর্যায়ের আওতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বৃহস্পতিবার সরকারি খরচে নির্মিত এসব বাড়ী ভূমিহীন ও গৃহহীনদের কাছে হস্তান্তর করেন।

এ উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে ৯জন ভূমিহীন ও গৃহহীন মানুষের হাতে ঘরের চাবি ও জমির দলিল তুলে দেওয়া হয়। ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু।

ইতিপূর্বে আরো ৯৩ জন ঘর পেয়েছেন। পর্যায়ক্রমে এ উপজেলায় আরো ভূমিহীন ও গৃহহীন মানুষের হাতে এ সকল ঘরের চাবি ও দলিল হস্তান্তর করা হবে বলে উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা জানান।

বিয়ের প্রলোভনে দিয়ে ধর্ষণ ও জমি লিখে নেওয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন

বিয়ের প্রলোভন দিয়ে দীর্ঘদিন ধরে ধর্ষণ ও ফুসলিয়ে জমি লিখে নেওয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে প্রতারক জমির হোসেনের
(৫৫) বিরুদ্ধে। ঘটনাটি ঝিনাইদহ সদর উপজেলার নাটাবাড়ীয়া গ্রামে। আজ বুধবার বিকালে ভুক্তভোগী নারী ও তার স্বজনরা নিজ বাড়িতে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান।

ভুক্তভোগী নারী লিখিত বক্তব্যে জানান, ঝিনাইদহ সদর উপজেলার নাটাবাড়ীয়া গ্রামের মৃত মনে মন্ডলের ছেলে জমির হোসেন ও তার সহযোগী মৃত ভাগাই মন্ডলের ছেলে কামাল হোসেন (৫০) দীঘদিন যাবৎ আমাকে বিয়ের প্রলোভন দেখিয়ে গত ২৬ জানুয়ারী তারিখে ঝিনাইদহ জজ কোর্টে নিয়ে কাবিন নামায় স্বাক্ষর করার কথা বলিয়া আমার নামের নাটাবাড়ীয়া মৌজার ১৩ শতক জমি জমির হোসেনের নামে লিখিয়া নেয়।

তারপর আমাকে ঢাকায় নিয়ে যেয়ে অজ্ঞাত স্থানে রেখে দীর্ঘদিন যাবৎ অবৈধ শারীরিক সম্পর্ক করতে থাকে। পরে আমি বিষয়টি বুঝতে পেরে

বিবাহের কথা বললে আমাকে রেখে কামাল হোসেন সহায়তায় জমির পালিয়ে যায় এবং দীর্ঘদিন আমার কোন খোজ খবর নেয় না।

তিনি আরও বলেন গত ২০ মে আমি বহু কষ্টে ঢাকা থেকে গ্রামে ফিরে এসে গ্রামে বসবাস করতে থাকি এ অবস্থায় জমির হোসেন ও তার সহযোগী কামাল এর সন্ত্রাসী বাহিনী আমাকে বাড়ি ছেড়ে দেওয়ার জন্য বিভিন্ন ধরণের হুমকী ধামকী দিয়ে আসছে। এমনকি আমি বাড়ী না ছাড়লে আমার ছেলে মেয়েদেরসহ আমাকে জানে মেরে ফেলার হুমকী দিচ্ছে। বিষযটি বিভিন্ন গণমাধ্যমে তুলে ধরার জন্য তিনি সংবাদ সম্মেলনের আয়োজন করেছেন বলেও জানান।

এবিষয়ে তিনি গত ৬ জুলাই ঝিনাইদহ সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। থানার দ্বায়িত্বপ্রাপ্ত পরিদর্শন কর্মকর্তা বলেন, আমরা একটি লিখিত অভিযোগ পেয়েছি বিষটি তদন্ত করে ব্যবস্থা গ্রহন করা হবে।

স্থানীয় ভুক্তভোগীর স্বজনরা জানান অতি দরিদ্র পরিবারে মেয়ে সুফিয়া বেগম এই জমিটুকুই তার সম্বল। প্রতারক জমির হোসেন ফুসলিয়ে বিয়ের প্রলোভন দেখিয়ে তার শেষ সম্বলটুকুও লিখে নিয়েছে। তারা আরও বলেন, এই প্রতারক জমির হোসেন এর আগেও ৫/৬টি বিয়ে করেছে এটা তার এক ধরণের ব্যবসা। বিষয়টি তদন্ত করে জমির হোসেন ও তার সহযোগী কামালকে আইনের আওতায় আনার দাবি জানান।

জমি কিনে বে-কায়দায় কোটচাঁদপুরের লক্ষিকুন্ড-বালিয়াডাঙ্গা ইক্ষু ক্রয় সমিতির সদস্যরা

জমি কিনে বে-কায়দায় পড়েছেন লক্ষিকুন্ড-বালিয়াডাঙ্গা ইক্ষু ক্রয় সমিতির সদস্যরা। মালিক বিক্রিত জমি রেজিষ্ট্রি না করে দিয়ে দখল করার নীল নকশা করছেন বলে অভিযোগ ভুক্তভোগীদের। এ অবস্থা চলছে

কোটচাঁদপুর উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামে।

সমিতির সাবেক সভাপতি আব্দুল মুকিত খান বলেন,১৯৯১ সালের দিকে সাবদারপুর এলাকায় আখের চাষ হত বেশ । এ কারনে প্রয়োজন হয়ে পড়ে,একটা ইক্ষু ক্রয় কেন্দ্রের। ডাকা হয় লক্ষিকুন্ড, বালিয়াডাঙ্গা সহ ৮ গ্রামের মানুষকে। সিদ্ধান্ত হয় ইক্ষু ক্রয় কেন্দ্র করার। এরপর চলে জমির খোঁজ।

সে সময় জমির মালিক মঈন উদ্দিন মন্ডল জমি দিতে ইচ্ছা প্রকাশ করেন। দাবি করেন জমি বাবদ ৪৫ হাজার টাকা। এরপর সবার কাছ থেকে টাকা সংগ্রহ করে দেয়া হয় ওই জমির মালিককে। জমিটি ছিল বালিয়াডাঙ্গা মৌজার। যার খতিয়ান নাম্বার ২০৯, আর দাগ নাম্বার ৫১। জমির পরিমাণ ছিল ৬৩ শতক।

ঐই জমিতেই প্রতিষ্ঠা করা হয় লক্ষিকুন্ড- বালিয়াডাঙ্গা ইক্ষু ক্রয় কেন্দ্রটি। এরপর ওই জমি রেজিষ্ট্রি করার জন্য বললে,জমির মালিক বিভিন্ন অজুহাত দেখিয়ে কাল ক্ষেপন করতে থাকে। কিছু দিন পর তিনি মারা যান। এরপর ওই জমির ওয়ারিশগণরা জমি রেজিষ্ট্রি না করে দিয়ে দখল নিতে নীল নকসা করতে থাকেন। এ অবস্থায় বিষয়টি নিয়ে আমরা আদালতের শরাপন্ন হই। যা এখনও আদালতে চলমান রয়েছে। এরপরও তারা জমি দখল নিতে বিভিন্ন টাল-বাহানা অব্যহত রেখেছেন।

এ ব্যাপারে জমির মালিকের ছেলে চুটিয়ার রহমান জানান, ওই জমি আমার পিতা তাদের কাছে বিক্রি করেনি। তিনি মিলের সঙ্গে ভাড়ার চুক্তি করেছিলেন। সে চুক্তি নামা আমাদের কাছে আছে। চুক্তি অনুযায়ী প্রতি মাসে ২৫ শ টাকাও আমরা নিয়ে থাকি। তবে জমি নিয়ে মামলা হওয়ার পর, মিল পক্ষ ভাড়া দিচ্ছে না। আর আমরাও জোরাজুরি করছিনা।

তিনি আরো বলেন, ওই জমির নিয়ে যে,মামলা আদালতে চলছিল, তাঁর রায়ও আমরা একবার পেয়েছি। এরপরও আমরা দখলে যেতে পারছিনা।কারন তারা ক্ষমতা দেখিয়ে দখল করে রেখেছেন।

বিষয়টি নিয়ে সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান জানান, ঘটনাটি আমি জানি। তবে তারা এ সংক্রান্ত বিষয় নিয়ে কেউ আমার কাছে আসেনি। আসলে বসে মিমাংসা করা যায় কিনা দেখা যেতে পারে।

পাওনা টাকা চাওয়ায় চায়ের কাপের আঘাতে যুবক হাসপাতালে

পাওনা টাকা চাওয়ায় প্রতিপক্ষের চায়ের কাপের আঘাতে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এক যুবক। রবিবার সকালে এ ঘটনাটি ঘটেছে ঝিনাইদহের কোটচাঁদপুরের কুল্লাগাছা গ্রামে।

জানা যায়, কোটচাঁদপুর উপজেলার কুল্লাগাছা গ্রামের গোলাম রব্বানির ছেলে জসিম উদ্দিন রবিবার সকালে ফসলি জমিতে সেচের পানি দেয়া টাকা নিয়ে বাক-বিতন্ডতা হয়। এ সময় ওই গ্রামের রজব আলী চায়ের দোকানে বসে চা খাচ্ছিলেন।

একপর্যায়ে রজব আলী, তাঁর হাতে থাকা চায়ের কাপটি জসিমের মাথায় ছুড়ে মারে। এতে করে সে ঘটনাস্থলে লুটিয়ে পড়ে। এ সময় স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গিয়ে ভর্তি করান।

এ ব্যাপারে জসিমের স্ত্রী বাদি হয়ে কোটচাঁদপুর থানায় অভিযোগ করেছেন। রজব আলী কুল্লাগাছা গ্রামের রহিম মন্ডলের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক প্রসেনজিত মল্লিক জানান,এ সংক্রান্ত বিষয় নিয়ে একটা অভিযোগ হয়েছে। তবে এখনো পর্যন্ত কাউকে দেয়া হয়নি।

কোটচাঁদপুরে বন্ধুর দেয়া কোমলপানীয় পান করে মটরসাইকেল

খোয়ালেন মেহেদি

বন্ধুর দেয়া কোমলপানীয় পান করে মটরসাইকেল খোয়ালেন আরেক বন্ধু মেহেদি হাসান। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানায় অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। বৃহস্পতিবার রাতে এ ঘটনাটি ঘটেছে উপজেলার কাগমারি গ্রামে।

মেহেদি হাসানের চাচা হাসান ইকবল বলেন, বৃহস্পতিবার রাতে মামুন মেহেদিকে মোবাইলে ডাক দিয়ে স্থানীয় মৎস্য হ্যাচারি অফিসের মধ্যে নিয়ে যান। এরপর পরিকল্পনা অনুযায়ী তাকে কোমলপানীয় পান করান। সে অচেতন হয়ে গেলে, তাঁর পালসার মটরসাইকেলটি নিয়ে যান তারা।

সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থলে ছুটে গিয়ে মেহেদিকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখি। পরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করানো হয়। বর্তমানে মেহেদি ওই কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। মেহেদি কাগমারি গ্রামের রশিদুল ইসলামের ছেলে। আর মামুন ওই গ্রামের আজিবর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় একটা অভিযোগ করা হয়েছে। কোটচাঁদপুর থানার উপপরিদর্শক সিরাজুল আলম জানান, ওই ঘটনায় একটা অভিযোগ হয়েছে। এটা কোন চুরি বা ছিনতাই না। এটা একটা প্রতারনার ঘটনা। যারা ঘটিয়েছে,তাঁরা তার পরিচিত ছিল। তবে ঘটনা তদন্ত করার পর, মূল তথ্য পাওয়া যাবে।

শৈলকুপাতে প্রথা ভেঙ্গে কনেযাত্রী এলেন বরের বাড়ী

বিয়ের প্রচলিত প্রথা ভেঙ্গে আবারো কনে ইতি সেলিনা এলো বিয়ে করতে বর সাংবাদিক এম এ মালেক শান্ত’র বাড়ি। ইতোমধ্যে এই বিয়ে নিয়ে এলাকায় তৈরী হয়েছে নানা আলোচনা ও সমালোচনা।

আজ বুধবার (১৩ জুলাই) শৈলকুপা উপজেলা পরিষদের আবাসিক এলাকার

ইউএনও”র গাড়ী চালক আব্দুল কাদেরের মেয়ে ইতি সেলিনা ও একই জেলার মনোহরপুর গ্রামের সামসুদ্দিন লস্করের পুত্র দীপ্ত টিভির সাংবাদিক এম এ মালেক শান্তর এই অসম বিয়ে অনুষ্ঠিত হয়েছে।

দেশীয় সংস্কৃতির চিরাচরিত নিয়মানুযায়ী বর আত্মীয়-স্বজনসহ অন্যান্য সহযাত্রীদের নিয়ে কনের বাড়ী যান বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে। কনে ইতি সেলিনা এক্ষেত্রে তার সহযাত্রীদের নিয়ে বরের বাড়ীতে হাজির হন বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে।

প্রথাগতভাবে বিয়ের অনুষ্ঠানস্থলের প্রবেশমুখে যেভাবে বরকে বরণ করা হয়, তেমনি এই বিয়েতেও কনেকে ফুলের মালা পরিয়ে, মিষ্টি খাইয়ে বরণ করে নেন বরপক্ষের আত্মীয় স্বজন।

এরপর বর কনে আসনে বসে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন। সব অতিথিদের আপ্যায়ন করানো হয় এবং কনে থেকে যান ছেলের বাড়ীতে।

ব্যতিক্রমধর্মী এই বিয়ের অনুষ্ঠানকে ঘিরে স্থানীয়দের মধ্যে উৎসাহের কমতি ছিলনা । বিয়ের অনুষ্ঠান দেখতে বরের বাড়ীতে যেমন উৎসাহী জনতা ভিড় ছিল তেমনি কনের বাসাতেও অনেক মানুষ জড়ো হন ।এই প্রথার বাইরের বিয়ের প্রস্তাবটি আসে মূলত বর শান্তর পক্ষ থেকে। তারা চেয়েছেন এই বিয়ের অনুষ্ঠানের মাধ্যমে নারী পুরুষের বৈষম্য দূর করার একটা দৃষ্টান্ত স্থাপন করতে।

এ ব্যাপারে কনে সেলিনা বলেন “ছেলেরা যদি পারে মেয়েদেরকে বিয়ে করে নিয়ে আসতে তাহলে মেয়েরা কেন পারবেনা। নতুন সিস্টেমে বিয়ে করতে পেরে আমি অনেক খুশি। প্রথমে ভেবেছিলাম এভাবে বিয়ে করবো, ঠিক হবে কিনা। কিন্তু পরে আমি রাজী হই। এমন আনকমনভাবে বিয়ে এর আগে আর কেউ করেনি। বিয়েতে এজন্য অনেক আনন্দ হয়েছে।”শুরুতে দুই পরিবারের আত্মীয়-স্বজন এবং পাড়া-প্রতিবেশী আপত্তি জানালেও পরে তারা রাজী হন এবং সাদরেই এই প্রস্তাাবকে গ্রহণ করেন।

“পুরুষ শাসিত সমাজে নারী পুরুষের সমান অধিকারের বহিঃপ্রকাশে এই প্রথা ভেঙ্গে বিয়ে করার বিষয়টিকে প্রতীকী” বলে জানিয়েছেন বর এম এ মালেক শান্ত।

এর আগে মেহেরপুরের গাংনী উপজেলার চৌগাছা গ্রামের এক দম্পত্তি এই প্রধা ভেঙ্গে বিয়ে করে বিশ্বব্যাপি সমালোচিত হন।

হরিনাকুন্ডুতে সঞ্জয় ট্রাস্টের ঈদ সামগ্রী বিতরন

ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডুতে সুবিধা বঞ্চিত মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১টার সময় হরিনাকুন্ডু প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থী ও ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয় এলাকার সুবিধা বঞ্চিত মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

হরিনাকুন্ডুর ভবানীপুর গ্রামের কৃতি সন্তান আমেরিকা প্রবাসী সঞ্জয় ট্রাস্টের চেয়ারম্যান সঞ্জয় কুমার সাহা ও তার সহধর্মিণী লাবনি সাহার উপস্থিত থেকে ঈদ সামগ্রী বিতরণ করেন।

এসময় হরিনাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম, হরিনাকুন্ডু প্রেসক্লাবের সভাপতি এম সাফুজ্জামান তাজুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও প্রতিবন্ধী স্কুলের শিক্ষক-শিক্ষকাগন উপস্থিত ছিলেন।

সঞ্জয় ট্রাস্টের চেয়ারম্যান সঞ্জয় কুমার সাহা বলেন, আমার দেশের সুবিধা বঞ্চিত মানুষের জন্য আমার কষ্টার্জিত টাকা দিয়ে সামান্য কিছু করতে পেরে আমি ধন্য। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দেশের দায়িত্ব কাধে নিয়ে যেভাবে অগ্রসর হচ্ছে, তারই ধারাবাহিকতায় আজকের এই ঈদ সামগ্রী বিতরন। ঈদ সামগ্রী পেয়ে সুবিধা বঞ্চিত মানুষের মুখে আনন্দের হাসি দেখা যায়।

কোটচাঁদপুরে চুলাই মদসহ দুই জন গ্রেফতার

২৭ লিটার চুলাই মদসহ দুই জনকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। বুধবার কোটচাঁদপুর ব্রীজঘাট মোড় থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

আটককৃতরা হলেন কোটচাঁদপুর সলেমানপুর গ্রামের মৃত হবিবুর রহমানের ছেলে আজাদ হোসেন ও পোস্ট অফিস পাড়ার আবদুল করিমের ছেলে আওলাদ হোসেন।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক সিরাজুল আলম জানান, বুধবার ভোর ৪ টার দিকে থানার ডিউটিরত কর্মকর্তার মোবাইলে ৯৯৯ থেকে একটি সড়ক দুর্ঘটনার কথা জানান। এ খবরে দ্রুত ঘটনাস্থলে ছুটে গিয়ে দুই জনকে আহত অবস্থায় দেখতে পাই। এ সময় তাদের কাছ থেকে ৩ টি প্লাস্টিকের জারে থাকা ২৭ লিটার দেশীয় চুলাই মদ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, মদ নিয়ে তারা রিক্সা করে আলামপুর যাচ্ছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুর ব্রীজঘাট মোড় পৌছালে রিক্সাটি পাশের থাকা গাছের সঙ্গে ধাক্কা দেয়। এতে রিকশা চালক আজাদ ও মদ বহনকারী আওলাদ গুরুতর আহত হন। পরে তাদের উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গিয়ে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।

এ ব্যাপারে তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে কোটচাঁদপুর থানায় মামলা হয়েছে। তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে।